

৪০ প্রতিবন্ধী পেল শিক্ষার সুযোগ

■ নীলফামারী প্রতিনিধি

৪০ প্রতিবন্ধী শিশু পেল শিক্ষা লাভের সুযোগ। প্রগতি সেবা প্রতিবন্ধী শিশু বিদ্যালয়কেতন নামের একটি বিদ্যালয় তাদের শিক্ষা লাভের সুযোগ করে দেয়ায় প্রতিবন্ধী শিশুদের অভিভাবকরা কিছুটা হলেও চিন্তামুক্ত হয়েছেন বলে জানান।

সম্প্রতি সদর উপজেলার লক্ষীচাপ কাছারী বাজার এলাকায় এ বিদ্যালয়ের উদ্বোধন করেন, উপজেলা নির্বাহী অফিসার সাবেত আলী। বিদ্যালয়ের অন্যতম উদ্যোক্তা সাবেক উপজেলা ডাইস চেয়ারম্যান শাহিদ মাহমুদ ও মুক্তিযোদ্ধা বাবু শ্যাম চরন রায় জানান, ৫ জন শিক্ষক দিয়ে পরিচালিত এ বিদ্যালয়ে এলাকার ৪০ জন প্রতিবন্ধী শিশুকে শিক্ষাদান করার প্রয়োজনীয় উপকরণের ব্যবস্থা করা হয়েছে এবং পর্যায়ক্রমে এ বিদ্যালয়ে আরো বেশিসংখ্যক প্রতিবন্ধী শিশুর শিক্ষা প্রদানের উদ্যোগ নেয়া হবে।